

উপজেলা সমবায় কার্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুর

এর

সিটিজেন চার্টার

নিবন্ধন ও উপ-আইন সংশোধন :

- বৈধ উপায়ে নিজেদের আর্থ- সামাজিক অবস্থার উন্নয়নের জন্য ন্যূনতম ২০(বিশ) জন্য একক ব্যক্তির সমন্বয়ে গঠিত ৩৫ টি ক্যাটাগরীতে প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।
- প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের সময় সমবায় সমিতি পরিচালনার সুনির্দিষ্ট বিধানাবলী সমন্বিত উপ-আইন নিবন্ধন করা হয় এবং পরবর্তীতে প্রয়োজনবোধে উপ-আইনের সংশোধনী নিবন্ধন করা হয়।
- সরকারী কর্মসূচীর আওতায় বিত্তহীন, ভূমিহীন এবং আশ্রয়হীনদের দারিদ্র বিমোচনের লক্ষ্যে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৫০(পঞ্চাশ) টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৩০০(তিনশত) টাকা নিবন্ধন ফি বাবদ এবং উভয় ক্ষেত্রেই প্রদত্ত নিবন্ধন ফি এর উপর ভ্যাট বাবদ ১৫% হারে আদায় করে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দেয়া হয়।
- দারিদ্র বিমোচনের লক্ষ্যে স্বেচ্ছায় বা সরকারী কর্মসূচীর আওতায় গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে তিন হাজার টাকা, ক্রেডিট-কো-অপারেটিভ সোসাইটি নিবন্ধনের জন্য কমপক্ষে এক কোটি টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে বিশ হাজার টাকা পরিশোধিত শেয়ার মূলধন থাকতে হয়।

ব্যবস্থাপনা, অডিট, পরিদর্শন :

- সমবায় সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিকভাবে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমিতি নির্বাচন করতে ব্যর্থ হলে উপজেলা সমবায় অফিসার সমবায় আইনের আওতায় ক্ষেত্রমতে নিজে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রদান করেন আইন সমবায় সমিতি দ্বারা নির্ধারিত ক্ষেত্রে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রদান করার জন্য জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর মহোদয়ের নিকট প্রস্তাবসহ সুপারিশ করেন।
- জেলা সমবায় অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তি দ্বারা প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বাৎসরিক নিরীক্ষা সম্পাদন করা হয়।
- সমিতিতে সংঘটিত যে কোন অনিয়ম জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর মহোদয়ের তত্ত্বাবধানে পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করা।
- প্রাথমিক সমবায় সমিতির নির্বাচনসহ সৃষ্ট যে কোন বিরোধ জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর মহোদয়ের কার্যালয়ে করা হলে তিনি বা নিযুক্ত সালিশকারী ন্যায় বিচার, সমতা ও সুবিবেচনা প্রসূত ভাবে নির্ধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন। রায়ে কেউ সংক্ষুব্ধ হলে সংশ্লিষ্ট/টাকা বিভাগীয় সমবায় দপ্তরের উপ-নিবন্ধক (বিচার) মহোদয়ের নিকট আপীল করতে পারেন। বিরোধ এবং আপীলের আর্জির সাথে ১০০ (একশত) টাকা কোর্ট ফি সংযুক্ত করতে হয়।
- প্রাথমিক সমবায় সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে সে সকল সমিতির কার্যক্রম গুটানোর লক্ষ্যে জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর মহোদয়ের দপ্তরে সুপারিশসহ প্রস্তাবনা দাখিল করা।

প্রশিক্ষণ :

- কুমিল্লা শহরের উপকণ্ঠে কোটবাড়ীতে অবস্থিত দেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান “বাংলাদেশ সমবায় একাডেমী”, “আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইউনিট” নরসিংদী এবং ফরিদপুর এর মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়।
- জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক জেলাধীন বিভিন্ন সমবায় সমিতিতে গিয়ে সমিতির সদস্যদেরকে সমবায় এবং সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়।
- সমবায় অধিদপ্তরের ঢাকাস্থ সদর কার্যালয় ও বাংলাদেশ সমবায় একাডেমীতে অবস্থিত অত্যাধুনিক কম্পিউটার ল্যাব এর মাধ্যমে সমিতির সদস্য ও সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের আধুনিক তথ্য প্রযুক্তিগত প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা হয়।

অভিযোগ নিষ্পত্তি :

সমবায় সমিতির পরিচালনা বা ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত কোন অভিযোগ থাকলে তা জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর মহোদয়ের কার্যালয়ে দাখিলের মাধ্যমে নিষ্পত্তি করা হয়।

গনশুনানী :

- ভেদরগঞ্জ উপজেলাধীন সমবায় সমিতি সমূহের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে সপ্তাহের প্রতি সোমবার সকাল ১১ টা হতে গনশুনানীর ব্যবস্থা করা হয়।

বার্ষিক নিরীক্ষা সম্পাদন ও সমিতির তদারকি করা :

- শরীয়তপুর জেলা হতে নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতি এবং জেলাধীন কেন্দ্রীয় সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী যাচাই, ব্যবস্থাপনা কমিটির দক্ষতা যাচাই এবং সমিতি কর্তৃক পরিচালিত কার্যক্রমের যথার্থতা ও নির্ভুলতা যাচাইয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট আর্থিক বছরের (০১ জুলাই হতে ৩০ জুন পর্যন্ত) বার্ষিক নিরীক্ষা সম্পাদনের নিমিত্তে জেলাধীন বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের নামে নিরীক্ষা বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করে নিরীক্ষা সম্পাদনের ব্যবস্থা করা।

সরকার কর্তৃক গৃহীত প্রকল্প সমূহের কার্যক্রম তদারকি করা :

- সরকার কর্তৃক গৃহীত প্রকল্পের আওতায় সমবায় বিভাগ নিম্ন বর্ণিত প্রকল্প সমূহের কার্যক্রম তদারকি করে থাকে।

(ক) আশ্রয়ণ প্রকল্প

(খ) পানি ব্যবস্থাপনা প্রকল্প।

তথ্য সরবরাহ :

- সরকারি বিভিন্ন দপ্তরকে তাদের চাহিত তথ্য সরবরাহ করা।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)

উপজেলা সমবায় কর্মকর্তা

ভেদরগঞ্জ, শরীয়তপুর।

ই-মেইল : ucovedorgonj@gmail.com